



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-III Examination, 2019

বাংলা

ষষ্ঠ পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১। ‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসে গ্রামজীবন ও শহরজীবনের দ্বন্দ্বিকতার প্রেক্ষাপটে মানবমনের নিগূঢ় রহস্যময়তার চিত্রটি পরিস্ফুট করো। ১৫

অথবা

‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসের আঙ্গিকের অভিনবত্ব দেখাও। ১৫

২। বীরসা চেয়েছিল অরণ্যের অধিকার - “অরণ্যের অধিকার” বলতে কী বোঝায়? উপন্যাসের বিষয়বস্তুর আলোকে এর নামকরণটি কতদূর সার্থক হয়েছে আলোচনা করো। ৩+১২

অথবা

“অরণ্যের অধিকার” উপন্যাসে অমূল্য আব্রাহাম চরিত্রটির উপযোগিতা বিচার করো। ১৫

৩। অতি প্রাকৃত গল্পের বৈশিষ্ট্যের প্রেক্ষিতে ‘ক্ষুধিত পাষণ’ গল্পটির বিচার করো। ১৫

অথবা

“পয়লা নম্বর” গল্পের অনিলা চরিত্রটির মধ্য দিয়ে পুরুষ শাসিত সমাজে নারীর প্রতিবাদ ঘোষিত হয়েছে — আলোচনা করো। ১৫

৪। রতনের দৃষ্টিতে মহানগরের যে পরস্পর বিরুদ্ধ চিত্র অঙ্কিত হয়েছে, “মহানগর” গল্পের কাহিনী অবলম্বনে তার ব্যাখ্যা দাও। ১৫

অথবা

ভারতবর্ষের জনমানস এবং রাজনৈতিক জগতের ধূর্ততার যে পরিচয় ‘চরণ দাস এম.এল.এ’ গল্পে ফুটে উঠেছে - তা এককথায় অনবদ্য। — এ বিষয়ে তোমার অভিমত জানাও। ১৫

৫। মদন চরিত্রের দোলাচলতার জন্য দায়ী তার আর্থ-সামাজিক পরিকাঠামো — “চোর” গল্পটি অবলম্বনে মন্তব্যটির অর্থ পরিস্ফুট করো। ১৫

অথবা

‘এখন প্রেম’ গল্পটি তৎকালীন বাস্তবতার প্রেক্ষাপটে প্রেমের ব্যর্থতার রূপায়ণ — আলোচনা করো। ১৫

৬।(ক) ‘এলে না কেন গো ? ডুরে শাড়ীটি পরে, চুলটি বেঁধে কনে বৌটি সেজে যে বসেছিলাম তোমার জন্য’ – কে কার জন্য বসেছিল ? বক্তার মনোভাবটি পরিস্ফুট করো। ২+৩

অথবা

‘রাজপুত্র প্রবীরকে স্বামী হিসাবে পাইয়া মতির সুখের সীমা নাই’ — ‘রাজপুত্র প্রবীর’ কাকে বলা হয়েছে ? তার চারিত্রিক বৈশিষ্ট্য সংক্ষেপে উল্লেখ করো। ১+৪

(খ) ‘হা দেখ্ দিকুতে সাহেবে মিলে মোরে বার বার অশুচ করে’ – ‘মোরে’ বলতে কার কথা বলা হয়েছে ? প্রসঙ্গ নির্দেশ করে বক্তব্যটির অর্থ পরিস্ফুট করো। ১+২+২

অথবা

‘লিখছি, আর মাঝে মাঝে মাথা তুলে দেখছি। সামনে নদীর দিকে চেয়ে বসে আছে এক জরতী মুণ্ডা মা’ — উক্তিটি কার ? ‘মুণ্ডা মা’ বলতে কার কথা বলা হয়েছে ? প্রসঙ্গটি উল্লেখ করে তার অবস্থাটি বিবৃত করো। ১+১+৩

(গ) ‘এই বাক্যহীন মনুষ্যের মধ্যে বৃহৎ প্রকৃতির মতো একটা বিজন মহত্ব আছে।’ — তাৎপর্য বুঝিয়ে লেখো। ৫

অথবা

‘মনে আছে, সেদিন সোমবার। সকাল হইতেই আকাশ মেঘাচ্ছন্ন হইয়া আছে। বেলা দশটা হইতে টিপ্ টিপ্ করিয়া বৃষ্টি পড়িতে আরম্ভ করিল।’ — কোন গল্পের অংশ ? প্রসঙ্গ আলোচনা করো। ১+৪

(ঘ) ‘তা আমি বলছিলাম, সামনের পূর্ণিমায় তুমি আর আমি এই বিষয়টা চেষ্টা করে দেখব।’ – কে কাকে একথা বলেছে ? কোন বিষয়ের কথা বলা হয়েছে ? ২+৩

অথবা

‘পায়ে দিয়ে হেঁটে দেখলাম যেমন নরম তেমনি আরাম’ – প্রসঙ্গ নির্দেশ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৩

(ঙ) ‘লোকে অনুতাপে নূতন জীবন পায় গো মা ! তুমি অনেক অনুতাপ করেছো তাই এই নূতন জীবন পেয়েছ — ’ কার প্রতি কার উক্তি ? তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

অথবা

‘ঐ তো মরা গাছটার শুকনো, কঙ্কাল শাখায় কাকটা বসে আছে, কতদিন ধরে, মানুষগুলোর নজর পড়ে’ — বক্তব্যটি কার ? কোন প্রসঙ্গে ‘মরাগাছ’ ও ‘কাক’-এর উপমা ব্যবহৃত হয়েছে ? ১+৪

—X—